দৈনিক বাংলা

তারিখ 20 SEP 1991 পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢাকা ভার্সিটি প্রভোস্ট কমিটির দাবী

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটি প্রশাসনিক কাজে শিক্ষাকরা প্রতিনিয়ত যে সন্ত্রাসী প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন তার প্রতিকার দাবী করেছে।

বৃহস্পতিবার কমিটির এক জরুরী সভায় বলা হয়, অন্যথায় হল প্রশাসনের সঙ্গে জড়িত শিক্ষকবৃন্দ প্রশাসনিক কর্মকান্ডে অংশগ্রহণ সম্পর্কে যৌথভাবে চরম সিদ্ধান্ত নিতে

শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## কমিটির দাবী

(প্রথম পৃঃ পর)

বাধ্যহবেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় খোলা রাখা এবং হল প্রশাসনের কর্মকান্ড স্বাভাবিকভাবে চালু রাখার জন্য রাজনৈতিক নেতৃবৃন্দের সক্রিয় সহযোগিতা কামনা করা হয়। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় খোলা রাখার স্বার্থে নিরপেক্ষভাবে সন্ত্রাসীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের নিকট জোর দাবী জানানো হয়।